

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০
বিদ্যালয়-২ শাখা

স্মারক নম্বর: ৩৮.০০৮.০১১.০০.০০.০০৮.২০১২- ৫৭

তারিখ: ৩০ মাঘ ১৪২১
১২ ফেব্রুয়ারি ২০১৫

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের বদলি/পদায়ন/সংযুক্তি এবং বিভাগীয় মোকদ্দমা দায়ের ইত্যাদি বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ সম্পর্কিত।

সূত্র: (ক) প্রাশিঅ/-পরিচালক/পঃও অঃ/২০১৪/২১৫, তারিখ: ১৪/১২/২০১৪
(খ) প্রাশিঅ/২এ-১(বিদ্যা) নীতিমালা-২০১১/৩০৫ তারিখ: ১৮/১২/২০১৪

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের বদলি/পদায়ন/সংযুক্তি এবং বিভাগীয় মোকদ্দমা দায়ের ইত্যাদি বিষয়ে নীতিমালা প্রণয়ন না হওয়া পর্যন্ত নিম্নবর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল:

- (ক) প্রধান শিক্ষকগণের বদলি/পদায়ন/সংযুক্তি এবং বিভাগীয় মোকদ্দমা দায়ের ইত্যাদি বিষয়ে স্বীয় অধিক্ষেত্রে বিভাগীয় উপ-পরিচালকগণ দায়িত্বপ্রাপ্ত হবেন। সেক্ষেত্রে সংশ্লিষ্ট থানা/উপজেলা শিক্ষা অফিসার এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রাপ্ত সুপারিশ/প্রস্তাব বিবেচনায় নিবেন;
- (খ) সকল সিটি কর্পোরেশন এলাকায় বদলি এবং আন্তঃবিভাগীয় বদলির ক্ষমতা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উপর ন্যস্ত থাকবে।

০২. এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে। আদেশটি দ্রুত মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকলকে অবহিত করণের জন্য অনুরোধ করা হল।

(জাজরীন নাহার)
সিনিয়র সহকারী সচিব (বিদ্যা-২)
ফোনঃ ৯৫৭৭২৫৫

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা

অনুলিপি:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।